

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
ঢাকা-১২০৭।

স্মারক নং-৩৭.০৩.০০০০.০১২.১৩.০১৯.১৬/৪৬০

তারিখঃ ০৮/০৮/২০১৬ইং

প্রতি : জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা
দিনাজপুর।

বিষয় : পারিবারিক অবসরভাতা ও আনুতোষিক মঞ্জুরী প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ের বরাতে জানানো যাচ্ছে যে, অত্র অধিদপ্তরধীন দিনাজপুর পলিটেকনিক ইনস্টিটিউট, দিনাজপুর এর অফিস সহায়ক জনাব মোঃ মতিউর রহমান চাকুরীরত অবস্থায় গত ১৮/০৯/২০১৪ইং তারিখে মৃত্যুবরণ করেছেন। এতদপ্রেক্ষিতে মরহুমের বিধবা স্ত্রী মিসেস মারুফা বেগম পরিবারের অন্যান্য ওয়ারিশগণের পক্ষে ক্ষমতাপ্রাপ্ত হয়ে নির্ধারিত ফরমে পারিবারিক অবসরভাতা ও আনুতোষিক মঞ্জুরীর আবেদন জানিয়েছেন।

২। উক্ত কর্মচারীর অবসরের তারিখে শেষ মাসিক গ্রহীতব্য বেতন ৭,৮০০/- (৩০/-পিপিসহ) টাকা। মূলবেতন ৭,৮০০/- টাকার ২০% মহার্ঘভাতা ১,৫৬০/- টাকাসহ মোট মূলবেতন ৯,৩৬০/-। তার চাকুরীকাল ২৫ বৎসরের উর্ধ্বে হওয়ায় পেনশনের হার ৮০% হিসাবে মোট অবসরভাতার পরিমাণ ৭,৪৮৮/-টাকা। মোট অবসরভাতার অর্ধাংশ (৭,৪৮৮÷২)=৩,৭৪৪/- টাকা। আনুতোষিকের জন্য অবসরভাতার ১ম অর্ধাংশের বিনিময় হার প্রতি ১/- টাকার পরিবর্তে ২৩০/- টাকা হিসাবে থেকে প্রাপ্য আনুতোষিক (৩,৭৪৪/-×২৩০/-)=৮,৬১,১২০/- (আট লক্ষ একষাট হাজার একশত বিশ) টাকা এবং ১৮/০৯/২০১৪ইং তারিখ হতে ৩,৭৪৪/- (তিন হাজার সাতশত চুয়াল্লিশ) টাকা হারে পারিবারিক অবসরভাতা নির্দেশিত হয়ে মঞ্জুরী প্রদান করা হল।

৩। মরহুমের বিধবা স্ত্রী মিসেস মারুফা বেগম এর অনুকূলে পেনশন পরিশোধ আদেশ (পিপিও) জারীর জন্য নিম্নবর্ণিত কাগপত্রাদি পরবর্তী কার্যার্থে প্রেরণ করা হল।

ক)	পারিবারিক পেনশন ফরম ২.২	১ কপি
খ)	পাসপোর্ট সাইজ ছবি (সত্যায়িত)	৩ কপি
গ)	মৃত্যুর সনদ (চেয়ারম্যান কর্তৃক)	১ কপি
ঘ)	শেষ বেতনের সনদপত্র	১ কপি
ঙ)	নমুনা স্বাক্ষর ও হাতের পাঁচ আঙ্গুলের ছাপ	৩ কপি
চ)	উত্তরাধিকারী সনদপত্র ও নন-ম্যারিজ সার্টিফিকেট	৩ কপি
ছ)	উত্তরাধিকারী কর্তৃক মাতাকে ক্ষমতা হস্তান্তর পত্র	২ কপি
জ)	না-দাবী সনদপত্র	১ কপি
ঝ)	জাতীয় পরিচয়পত্র	১ কপি
ঞ)	চাকুরী বহি	এক সেট।

৪। এ আদেশে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।


স্বাক্ষরিত/-
(মোহাম্মদ আবদুল মতিন হাওলাদার)
সহকারী পরিচালক
ফোন-০২-৮১৮১২২৫

স্মারক নং-৩৭.০৩.০০০০.০১২.১৩.০১৯.১৬/৪৬৫(৫)

তারিখঃ ০৮/০৮/২০১৬ইং

অবগতির জন্য অনুলিপি দেয়া হল :-

- ১। অধ্যক্ষ, দিনাজপুর পলিটেকনিক ইনস্টিটিউট, দিনাজপুর। এ তার ১০/০৭/২০১৬ইং তারিখের ৮৯৫ নং স্মারকের বরাতে করা হল।
- ২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা-১০০০।
- ৩। আই.সি. টি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭। (পত্রটি ওয়েব সাইটে দেয়ার জন্য অনুরোধ করা হল।)
- ৪। মিসেস মারুফা বেগম, স্বামী-মৃত মোঃ মতিউর রহমান, প্রাক্তন অফিস সহায়ক, দিনাজপুর পলিটেকনিক ইনস্টিটিউট, দিনাজপুর। স্থায়ী ঠিকানা-গ্রাম-মুদিপাড়া, পোঃ দিনাজপুর-৫২০০, থানা-দিনাজপুর সদর, জেলা-দিনাজপুর।
- ৫। সংশ্লিষ্ট নথি।


(মোহাম্মদ আবদুল মতিন হাওলাদার)
সহকারী পরিচালক
ফোন-০২-৮১৮১২২৫